

ব্রিটিশ কাউন্সিলের পুরস্কার বিতরণী অনুষ্ঠানে স্পিকার উচ্চশিক্ষায় বাংলাদেশি শিক্ষার্থীদের আরও বেশি সুযোগ দেয়ার আহ্বান

নিজস্ব বার্তা পরিবেশক

সিপিএ চেয়ারপারসন ও জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, দেশের তরুণ সমাজকে এগিয়ে নিতে উচ্চশিক্ষার পথ প্রশস্ত করতে হবে। বাংলাদেশের শিক্ষার্থীদের জন্য উচ্চশিক্ষা সম্প্রসারণের লক্ষ্যে ব্রিটিশ কাউন্সিলকে বেশি বেশি সুযোগ দেয়ার আহ্বান জানান তিনি। গতকাল রাজধানীর ফুলার রোডে ব্রিটিশ কাউন্সিল অডিটোরিয়ামে প্রথমবারের মতো ব্রিটিশ কাউন্সিল কর্তৃক আয়োজিত 'আইইএলটিএস বৃত্তি ২০১৫' প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ আহ্বান জানান।

ব্রিটিশ কাউন্সিলের আইইএলটিএস বিজনেস ডেভেলপমেন্টের প্রধান কফিল চৌধুরীর সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন ঢাকা বিশ্ববিদ্যালয়ে উপাচার্য আআমস আরেফিন সিদ্দিক, ব্রিটিশ কাউন্সিলের পরিচালক বারবারা উইকহাম, পরিচালক (পরীক্ষা) দীপ অধিকারী, উপ-পরীক্ষা ম্যানেজার নাসরিন সুলতানা প্রমুখ। মোট ৪ জন 'আইইএলটিএস বৃত্তি ২০১৫' প্রাপ্তরা হলেন আদিনা জেরিন খান, সুআইবা আমিনা সালাউদ্দিন, দিপীকা দেব দীপা এবং তাসনিম খন্দকার। তারা প্রধান অতিথির নিকট থেকে বৃত্তির চেক গ্রহণ করেন। তারা উচ্চশিক্ষার জন্য কানাডা, যুক্তরাষ্ট্র এবং যুক্তরাজ্যে যাবেন। কমনওয়েলথ পার্লামেন্টারি অ্যাসোসিয়েশনের (সিপিএ) নির্বাহী কমিটির চেয়ারপারসন ড. শিরীন শারমিন চৌধুরী বলেন, তরুণদের অগ্রযাত্রা যাতে বাধাহীন না হয় সেদিকে খেয়াল রেখে সাধারণ শিক্ষার পাশাপাশি তথ্যপ্রযুক্তিগত শিক্ষায় তাদের সম্পৃক্ত করতে হবে। তিনি বলেন, উচ্চশিক্ষার জন্য যে অর্থের প্রয়োজন তা অনেক অভিভাবকের পক্ষে বহন করা সম্ভব নয়। ব্রিটিশ কাউন্সিল মেধাবীদের জন্য এ ধরনের বৃত্তি প্রদানের মাধ্যমে উচ্চশিক্ষা গ্রহণে শিক্ষার্থীদের উৎসাহিত করেছে। ব্রিটিশ কাউন্সিল শিক্ষা জগতে একটি অতি পরিচিত নাম এবং এ প্রতিষ্ঠানটি বিশ্বব্যাপী শিক্ষা বিস্তারের সুযোগ সৃষ্টিতে সহায়তা করে যাচ্ছে। ফলে বিশ্বব্যাপী উচ্চশিক্ষা গ্রহণের পথ সুগম হচ্ছে। তিনি আইইএলটিএস বৃত্তি ২০১৫ এ বৃত্তিপ্রাপ্ত ৪ জনই নারী হওয়ার বিষয়টি বাংলাদেশের নারী অগ্রগতির উল্লেখযোগ্য দিক হিসেবে উল্লেখ করেন।